কালের কণ্ঠ

তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

ড. জাফর ইকবাল বললেন

# শিক্ষক লাঞ্ছনা দেশের ইতিহাসে অন্যতম ভয়ংকর ঘটনা

সিলেট অফিস ▷

জনপ্রিয় লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, শিক্ষক লাঞ্ছনার ঘটনা



বাংলাদেশের ইতিহাসে অন্যতম একটি ভয়ংকর ঘটনা। এ ঘটনার বিচার না হলে ভবিষ্যৎ বাংলাদেশের জন্য তা খুব দুঃখজনক হবে। এ ঘটনায় তিনি অত্যন্ত মর্মাহত উল্লেখ করে শিক্ষক লাঞ্ছনার সঙ্গে জড়িতদের বিচার দাবি করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে এক মানববন্ধনে ড. মুহম্মদ জাফর ইকবাল এ কথা বলেন। নারায়ণগঞ্জের স্কুল শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার প্রতিবাদে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এ মানববন্ধনের আয়োজন করে।

ড. জাফর ইকবাল বলেন, 'এটা আমাদের ভবিষ্যতের বাংলাদেশ কোন দিকে যাবে তা নির্ধারণ করবে। সাধারণ মানুষ তো দূরে থাক, অপরাধীকেও আমরা অপমান করি না। বাংলাদশে সবচেয়ে ঘৃণিত অপরাধী হলো যুদ্ধাপরাধী। কিন্তু তাদেরকেও সম্মানের সাথে বিচার সম্পন্ন করে শাস্তি দেওয়া হয়েছে। অসম্মান করা হয়নি। এখানে একটা মানুষ যে কি না শিক্ষক, তাঁকে মিথ্যা অপবাদ দিয়ে সবার সামনে অপমান করা হয়েছে। ইন্টারনেটে ভিডিও আছে, কিন্তু আমি তা দেখিনি, কারণ আমার পক্ষে তা দেখা সম্ভব না। কাজেই যে সাংসদ এ ঘটনা ঘটিয়েছেন, তা অত্যন্ত দুঃখজনক।' তিনি এ ঘটনায় জড়িতদের শাস্তি দাবি করে বলেন, শাস্তি না হলে সেটা বাংলাদেশের জন্য খুব বাজে দৃষ্টান্ত হবে। একটা মানুষের যদি ক্ষমতা থাকে, দাপট থাকে তবে সে যেকোনো মানুষকে অপমান করতে পারে। ভবিষ্যৎ বাংলাদেশের জন্য যা খুব দুঃখজনক হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সৈয়দ সামসুল আলম, সাধারণ সম্পাদক মুহিবুল আলম, অধ্যাপক ইয়াসমিন হকসহ অন্য শিক্ষক-শিক্ষার্থীরা।

এ ছাড়া সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট টিচার্স ট্রেনিং কলেজেও অনুরূপ কর্মসূচি পালিত হয়।